গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয়সরকার,পল্লীউন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
উপজেলা সমবায় কার্যালয়
উল্লাপাড়া,সিরাজগঞ্জ।

নোটিশ

**বিষয়:** জাতীয় শুদ্ধাচার ও কর্মপরিকল্পনা সংক্রান্ত নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠান প্রসঙ্গে।

এতদ্বারা অত্র কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার ও কর্ম পরিকল্পনা সংক্রান্ত নৈতিকতা কমিটির সকল সদস্যকে জানান যাচ্ছে যে, নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভা আগামী ০২/১০/২০২২খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় নিম্ন স্বাক্ষরকারীর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

স্বাক্ষরীত-
মোঃ মোখলেছুর রহমান
উপজেলা সমবায় অফিসার
উল্লাপাড়া,সিরাজগঞ্জ।

স্মারক নং- ৪৭,০৬১,৮৮৯৪,০০০,৪০,০১৭,২১- ৩৭৭ তারিখ- ২৭,১০,২০২২খ্রি,

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১। জনাব জামিল আহমেদ,সহকারি পরিদর্শক ও সদস্য, শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটি, উপজেলা সমবায় কার্যালয় ,উল্লাপাড়া,সিরাজগঞ্জ।
২। জনাব মো.শরিফুল ইসলাম,অফিস সহকারি কাম কম্পিউটার অপারেটর ও সদস্য সচিব, শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটি, উপজেলা সমবায় কার্যালয়, উল্লাপাড়া,সিরাজগঞ্জ।
৩। জেলা সমবায় অফিসার,সিরাজগঞ্জ।
৪। অফিস নথি।

27/10/22
উপজেলা সমবায় অফিসার
উল্লাপাড়া,সিরাজগঞ্জ।

## উপজেলা সমবায় অফিস, উল্লাপাড়া,সিরাজগঞ্জ এর নৈতিকতা কমিটির সভার কার্যবিবরনী ঃ

স্থান ঃ উপজেলা সমবায় অফিস,উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
তারিখ ঃ ০২/১০/২০২২খ্রিঃ, সময়ঃ বেলা ১১ ঘটিকা।

উপস্থিত উপজেলা কমিটির সদস্যগণের পদবী ও স্বাক্ষর ঃ

| | | | |
|---|---|---|---|
| ১. | মোঃ মোখলেছুর রহমান,উপজেলা সমবায় অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ। | আহবায়ক | স্বাক্ষরিত |
| ২. | জামিল আহমেদ, সহকারী পরিদর্শক,উপজেলা সমবায় অফিস, উল্লাপাড়া, সিরাজগঞ্জ। | সদস্য | স্বাক্ষরিত |
| ৩. | মোঃ শরিফুল ইসলাম, অফিস সহকারী, উপজেলা সমবায় অফিস, উল্লাপাড়া, সিরাজগঞ্জ। | সদস্য | স্বাক্ষরিত |

অদ্যকার সভায় উপজেলা সমবায় অফিসার, উল্লাপাড়া সিরাজগঞ্জ ও আহবায়ক নৈতিকতা কমিটি এর সভাপতিত্বে সভার কাজ আরাম্ভ করা হইলো।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত সমূহ |
|---|---|---|
| ১. | বার্ষিক প্রতিবেদন প্রকাশ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন। | অদ্যকার সভায় সভাপতি সাহেব জানান যে, তথ্য অধিকার বিষয়ে বার্ষিক আগামী ১৫/১০/২০২২খ্রি. তারিখের মধ্যে বার্ষিক প্রতিবেদন প্রকাশের লক্ষমাত্রা রয়েছে। এমতাবস্থায় উক্ত বার্ষিক প্রতিবেদন প্রস্তুত পুর্বক তাহা ওয়েব সাইটে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহিত হইলো। এবং নির্ধারিত তারিখের মধ্যে প্রকাশ করে তার স্কিনসট সংরক্ষন করার জন্য জনাব শরিফুল ইসলাম, সদস্য সচিব, নৈতিকতা কমিটিকে বলা হল। |
| ২ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে আলোচনা সভা আয়োজনের সিদ্ধান্ত গ্রহন। | অদ্যকার সভায় সভাপতি সাহেব জানান যে, বর্তমান ত্রৈমাসে ( অক্টোবর/২২ হতে ডিসেম্বর/২২) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর লক্ষ্যমাত্রায় ০১ টি সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আলোচনা আয়োজন ও বাস্তবায়ন করার কথা রয়েছে। এমতাবস্থায় একটি অংশিজনের সভা কখন করা যায় সে বিষয়ে আপনারা সিদ্ধান্ত গ্রহন করুন। বিষয়টি নিয়ে অদ্যকার সভায় বিস্তারিত আলোচনা শেষে জনাব মোঃ জামিল আহমেদ সাহেব এর প্রস্তাবে এবং জনাব মোঃ শরিফুল ইসলাম সাহেবের সমর্থনে আগামী ১০/১১/২০২২খ্রি. তারিখ রোজ বৃহঃপ্রতিবার বেলা ১১ ঘটিকার সময় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত *০১ টি অংশীজনের (stakeholders) অংশগ্রহণে আলোচনা সভা আয়োজনের সিদ্ধান্ত সর্ব* সম্মতক্রমে গৃহিত ও অনুমোদিত হইলো এবং উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জনাব শরিফুল ইসলাম কে ক্ষমতা প্রদান করা হল। |
| ৩ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষন আয়োজন। | অদ্যকার সভায় সভাপতি সাহেব জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২২-২০২৩ এর লক্ষ্যমাত্রায় শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষন আয়োজন করার জন্য নিদের্শনা রয়েছে। উক্ত বিষয়ে আলোচনার শেষে আগামী ১৫/১১/২০২২ইং তারিখে অত্র কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীদের সমন্বয়ে একটি শুদ্ধাচার সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষন আয়োজন করার জন্য সিদ্ধান্ত গৃহিত হইলো। |
| ০৪ | **কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডই ভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা ইত্যাদি ।** | অদ্যকার সভায় সভাপতি সাহেব জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২২-২০২৩ এর লক্ষ্যমাত্রায় কর্ম পরিবেশ উন্নয়ন বিষয়ে লক্ষ্যমাত্রা রয়েছে। উক্ত লক্ষমাত্রার আলোকে আগামী ১০/১২/২০২২ইং তারিখের মধ্যে অফিসের অকেজো মালামাল বিনষ্ট করন চালু রাখা এবং অফিসের পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি কার্যক্রম অব্যহত রাখার সিদ্ধান্ত সহ প্রমানক সংরক্ষনের সিদ্ধান্ত গৃহিত ইলো। |
| ০৫ | সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ বিষয়ে আলোচনা। | অদ্যকার সভায় সভাপতি সাহেব জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২২-২০২৩ এর লক্ষ্যমাত্রায় সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ এর জন্য একটি রেজিষ্টার ইতমধ্যে খোলা হয়েছে। এমতাবস্থায় রেজিষ্টারের ১০০% হালনাগাদ ব্যবহার এবং সেবা গ্রহিতাদের মতামত সংরক্ষনের জন্য সিদ্ধান্ত গৃহিত হইলো। |
| ০৬ | সমবায় সমিতি আইন/বিধিমালা/ নিবন্ধন নীতিমালা/পরিপত্র/সার্কুলার সম্পর্কে কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষন। | অদ্যকার সভায় সভাপতি সাহেব জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২২-২০২৩ এর লক্ষ্যমাত্রায় সমবায় সমিতি আইন/বিধিমালা/ নিবন্ধন *নীতিমালা/পরিপত্র/সার্কুলার সম্পর্কে কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষন প্রদান এর জন্য বলা* আছে। এমতাবস্থায় কত তারিখে প্রশিক্ষন আয়োজন করা যায় সেবিষয়ে সিদ্ধান্ত গ্রহন করুন। অদ্য |

| | | |
|---|---|---|
| | | আইন/বিধিমালা/ নিবন্ধন নীতিমালা/পরিপত্র/সার্কুলার সম্পর্কে কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষন এর ব্যবস্তা গ্রহনের জন্য সর্ব সম্মত ক্রমে সিদ্ধান্ত গৃহিত হইলো এবং উহা বাস্তবায়নের জন্য উপজেলা সমবায় অফিসার কে দায়িত্ব প্রদান করা হল। |

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যদের ধন্যবাদ দিয়ে সভার সমাপ্ত ঘোষনা করেন।

স্বা:

সভাপতি,
নৈতিকতা কমিটি
ও
উপজেলা সমবায় অফিসার
উল্লাপাড়া,সিরাজগঞ্জ

স্মারক নং- ৪৭.০৬১.৮৮৯৪.০০০.৪০.০১৭.২১- ৩৪৫ তারিখ- ০৩.১০.২০২২খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১। জনাব জামিল আহমেদ,সহকারি পরিদর্শক ও সদস্য, শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটি, উপজেলা সমবায় কার্যালয় ,উল্লাপাড়া,সিরাজগঞ্জ।
২। জনাব মো.শরিফুল ইসলাম,অফিস সহকারি কাম কম্পিউটার অপারেটর ও সদস্য সচিব, শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটি, উপজেলা সমবায় কার্যালয়, উল্লাপাড়া,সিরাজগঞ্জ।
৩। জেলা সমবায় অফিসার,সিরাজগঞ্জ।
৪। অফিস নথি।

৩/১০/২২

উপজেলা সমবায় অফিসার
উল্লাপাড়া,সিরাজগঞ্জ।